সমকাল

তারিখ 20 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

অভিজাত এলাকার প্রাথমিক বিদ্যালয়েও খাওয়ানো হবে পুষ্টিকর বিস্কুট

■ সাব্বির নেওয়াজ

এবার রাজধানীর অভিজাত ধানমণ্ডি, গুলশান, মোহাম্মদপুর, মিরপুর, ডেমরা ও মতিঝিল এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়েও খাওয়ানো হবে পুষ্টিসমৃদ্ধ উন্নত বিস্কুট। এর আগে কেবল দেশের দারিদ্র্যপীড়িত উপজেলাগুলোতে স্কুল ফিডিং কর্মসূচি চালু ছিল। অভাবের কারণে যেসব উপজেলার উল্লেখযোগ্য সংখ্যক শিশু না খেয়ে বিদ্যালয়ে আসত, তাদের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে স্কুল ফিডিং কর্মসূচি চালু ছিল। এবার তা রাজধানীর নতুন ছয়টি থানা এলাকার শিশুরাও পেতে যাচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে এ তথ্য জানা গেছে।

জানতে চাইলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীর বলেন, রাজধানীর প্রাথমিক বিদ্যালয়গুলোতে উল্লেখযোগ্য সংখ্যক বস্তিবাসী শিশু পড়াশোনা করে। তাদের অনেকে অভুক্ত অবস্থায় স্কুলে আসে। তার মতে, এসব বিদ্যালয়ে বিস্কুট বিতরণ শুরু হলে শিক্ষার্থী উপস্থিতির হার বাড়বে এবং ঝরে পড়ার হার কমবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে জানা গেছে, আগামী জুলাই থেকে এসব এলাকার বিদ্যালয়ে বিস্কুট বিতরণ শুরু হবে। বিস্কুটে উপাদান হিসেবে গমের ময়দা ৬৯ ভাগ, চিনি ১২ ভাগ, ভেজিটেবল ফ্যাট ১৩ ভাগ ও সয়া ময়দা ছয় ভাগ থাকবে। এ ছাড়া এতে থাকবে প্রয়োজনীয় আয়োডিনযুক্ত লবণ, জিঙ্ক, লৌহ, বেকিং সোডা ও ১৩ রকমের ভিটামিন। ৭৫ গ্রাম ওজনের প্রতিটি বিস্কুটের শক্তিগুণ ৪৫০ কিলোক্যালরি। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

এর আগে কেবল দেশের দারিদ্র্যপীড়িত উপজেলাগুলোতে স্কুল ফিডিং কর্মসূচি চালু ছিল